ভোরের কাগজ

তারিখ ... ... JAN. 1 9 2000 ..
পৃষ্ঠা ১ কলাম ২

21

আইনশৃঙ্খলার অবনতি

# স্বরাষ্ট্র সচিব, আইজি ও ঢাবি উপাচার্যসহ ৬ জনের বিরুদ্ধে রুল

সুপ্রিম কোর্ট প্রতিবেদক : ঢাকা বিশ্ববিদ্যালয়সহ মহানগরীর বিভিন্ন এলাকায় আইনশৃঙ্খলা পরিস্থিতির অবনতির জন্য কেন পুলিশ ও সংশ্লিষ্ট কর্মকর্তাদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেওয়া হবে না—তার কারণ দর্শানোর জন্য গতকাল মঙ্গলবার হাইকোর্টের একটি ডিভিশন বেঞ্চ স্বরাষ্ট্র সচিব, পুলিশের আইজি এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের

● এরপর -পৃষ্ঠা ২ কলাম ৪

## আইনশৃঙ্খলা অবনতি

● প্রথম পাতার পর

উপাচার্যসহ ছয়জনের বিরুদ্ধে একটি রুল জারি করেছে।

উল্লেখ্য, গত ৩১ ডিসেম্বর রাতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের টিএসসি এলাকায় লাঞ্ছনা এবং ১১ জানুয়ারি রাতে যুগ্ম সচিব নিকুঞ্জ বিহারী নাথের হত্যাকাণ্ডসহ নগরীর বিভিন্ন এলাকার আইনশৃঙ্খলা পরিস্থিতির অবনতির জন্য পুলিশ ও সংশ্লিষ্ট কর্মকর্তাদের বিরুদ্ধে 'বাংলাদেশ জাতীয় মহিলা আইনজীবী' সমিতির এডভোকেট সালমা আলীর দায়েরকৃত একটি রিট পিটিশনের পরিপ্রেক্ষিতে আদালত এ রুল জারি করেন।

উভয়পক্ষের শুনানি শেষে বিচারপতি কে এম হাসান এবং বিচারপতি খাদেমুল ইসলাম চৌধুরীর সমন্বয়ে গঠিত একটি ডিভিশন বেঞ্চ উপরোক্ত রুলটি জারি করেন।